

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

নম্বর : ৪৬.০০.০০০০.০৪২.১৮.০০৯.২২.৪৬২

তারিখ: ০৮ বৈশাখ ১৪৩১
২১ এপ্রিল ২০২৪

বিষয় : লালমনিরহাট জেলা পরিষদের নব-নির্বাচিত চেয়ারম্যান এর সম্পদের বিবরণ সম্পর্কিত হলফনামা প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ০৩ এপ্রিল ২০২৪ তারিখ লালমনিরহাট জেলা পরিষদের চেয়ারম্যান পদে নির্বাচন অনুষ্ঠিত হয়। নির্বাচনের ফলাফল গত ১৮ এপ্রিল ২০২৪ তারিখ বাংলাদেশ গেজেটে প্রকাশিত হয় (কপি সংযুক্ত)।

২। উল্লেখ্য, জেলা পরিষদ আইন, ২০০০ এর ধারা ৮ অনুযায়ী নব-নির্বাচিত চেয়ারম্যান এর দায়িত্বভার গ্রহণের পূর্বে তাঁর এবং পরিবারের স্থাবর ও অস্থাবর সম্পত্তির একটি লিখিত বিবরণ সরকার বরাবর দাখিলের বাধ্যবাধকতা রয়েছে।

৩। এমতাবস্থায়, জেলা পরিষদ, লালমনিরহাট এর নব-নির্বাচিত চেয়ারম্যান এর নিকট হতে সম্পত্তির বিবরণ সংক্রান্ত হলফনামা (৩০০ টাকার নন-জুডিশিয়াল স্টাম্প) সংগ্রহপূর্বক ০৩(তিন) কর্মদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। **বিষয়টি অতীব জরুরি।**

মাহবুবা আইরিন
উপসচিব

ফোন: +৮৮০২২২৩৩৫৫৫৬৮
Email:lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা,
জেলা পরিষদ, লালমনিরহাট।

অনুলিপি:

১. যুগ্মসচিব (প্রশাসন অনুবিভাগ), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. জেলা প্রশাসক, লালমনিরহাট।
৫. উপপরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, লালমনিরহাট।
৬. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।